

লালমাটিয়া মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭

বিজ্ঞপ্তি

তারিখ : ২২/০২/২০২১ খ্রি:

লালমাটিয়া মহিলা কলেজের শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ঢাকা রচনা প্রতিযোগিতার আয়োজন করেছে। উক্ত রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে ইচ্ছুক শিক্ষার্থীদের লিখিত রচনা কলেজের কাউন্টার নং ০৮ জনাব মোঃ মহসিন ভূঞা এর নিকট অথবা ইমেলে (lalmatiagirlscollege@yahoo.com) পিডিএফ ফরম্যাটে আগামী ২৭ ফেব্রুয়ারি বেলা ১১ টার মধ্যে প্রেরণ করার জন্য বলা হলো।

শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা
একাদশ ও দ্বাদশ	পণ্য ও সেবার বাজারে সুষ্ঠু প্রতিযোগিতামূলক পরিবেশ গঠন ও উন্নয়নে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা ও করণীয়	২০০০ শব্দের মধ্যে
স্নাতক ও স্নাতকোত্তর	কোভিড-১৯ জনিত পরিস্থিতিতে দেশের প্রতিযোগিতামূলক স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা ও করণীয়	২৫০০ শব্দের মধ্যে

শর্তাবলী:

১. রচনা A4 সাইজের কাগজে, লাইন স্পেস ১.৫, মার্জিন ১ ইঞ্চি রেখে এক পৃষ্ঠায় (উভয় পৃষ্ঠায় নয়) প্রিন্ট করতে হবে।
২. রচনা বাংলা ভাষায় লিখতে হবে। তবে কোন উদ্ধৃতি বা কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের গৃহীত কার্যক্রম/বক্তব্য কোট আনকোট করে ইংরেজি ভাষা ব্যবহার করা যাবে, তথ্যসূত্র যথাযথভাবে উল্লেখ করতে হবে এবং Plagiarism করা যাবে না।
৩. রচনার টপশীটে অংশগ্রহণকারীর নাম, পিতা-মাতার নাম, যোগাযোগের ঠিকানা, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, বর্ষ/শ্রেণি, মোবাইল নম্বর (বাংলা ও ইংরেজিতে) ও ইমেইল (যদি থাকে) উল্লেখ করতে হবে। মূল রচনার কোন পৃষ্ঠায় এ সকল তথ্য উল্লেখ করা যাবে না, অন্যথায় রচনা সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৪. রচনার সাথে এক কপি ছবি ও কলেজ আইডি কাডের ফটোকপিসহ অংশগ্রহণকারীর জীবন বৃত্তান্ত প্রদান করতে হবে।

আহবায়ক

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদযাপন কোর কমিটি
লালমাটিয়া মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭।

Seni
২২.০২.২০২১